



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

বোর্ড বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ এবং পূর্ববর্তী শিক্ষাবর্ষে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্রাপ্ত নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থীদের (যারা সংশ্লিষ্ট কাগজপত্র এখনও জমা দেননি) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বোর্ড বৃত্তি কার্যকর করার লক্ষ্যে উল্লেখিত কাগজপত্রাদি রেজিস্ট্রার অফিসের উচ্চশিক্ষা ও বৃত্তি শাখায় জমা দেওয়ার সময় ১৬.০৩.২০২৩ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

নিয়মিত শিক্ষার্থীদের করণীয়	
১.	নির্ধারিত তথ্য ফরম যথাযথভাবে পূরণ। তথ্য ফরম লিঙ্ক : https://juniv.edu/center/4175/file/11646
২.	সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি।
৩.	স্মারক সম্বলিত (১ম ও শেষ পৃষ্ঠা) বৃত্তির গেজেটের (যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম রয়েছে) সত্যায়িত কপি।

অনিয়মিত শিক্ষার্থীদের করণীয়	
১.	নির্ধারিত তথ্য ফরম যথাযথভাবে পূরণ। তথ্য ফরম লিঙ্ক : https://juniv.edu/center/4175/file/11646
২.	সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি।
৩.	নির্ধারিত নিয়মিতকরণ ফরম যথাযথভাবে পূরণ (০২ সেট)। নিয়মিতকরণ ফরম লিঙ্ক : https://juniv.edu/center/4175/file/11644
৪.	স্মারক সম্বলিত (১ম ও শেষ পৃষ্ঠা) বৃত্তির গেজেটের (যে পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম রয়েছে) সত্যায়িত কপি (০২ সেট)।
৫.	পূর্ববর্তী প্রতিষ্ঠান থেকে শিক্ষাবর্ষ ও সন উল্লেখপূর্বক বৃত্তির টাকা উত্তোলন করেছেন/ করেননি মর্মে প্রত্যয়ন মূলকপি ও ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে)।
৬.	উত্তোলিত/ ভোগকৃত বৃত্তির টাকা ফেরৎ প্রদানের ট্রেজারি চালানের মূলকপি ও ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে)।

বিঃ দ্রঃ তথ্য ফরমটি কম্পিউটারে কম্পোজ এবং নিয়মিতকরণ ফরমটি হাতে লিখে জমা দিতে হবে।

স্বাক্ষর/-

এ বি এম আজিজুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার (উচ্চশিক্ষা ও বৃত্তি-২)

স্মারক সংখ্যা : রেজি/উচ্চশিক্ষা ও বৃত্তি/৬৯০৫ (৭০)

তারিখ : ২৭/০২/২০২৩ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. সকল ডিন, জাবি, সাভার, ঢাকা।
২. প্রভোস্ট, সকল হল, জাবি, সাভার, ঢাকা।
৩. সকল বিভাগীয় সভাপতি/ পরিচালক, আইবিএ-জেইউ/ আইআইটি/ বঙ্গবন্ধু তুলণামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট, জাবি, সাভার, ঢাকা।
৪. হিসাবাধ্যক্ষ/ পরীক্ষা নিয়ন্ত্রক, জাবি, সাভার, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত শিক্ষক, ইন্টারনেট শাখা, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
৬. নোটিশ বোর্ড।

স্বাক্ষর/-

ডেপুটি রেজিস্ট্রার
(উচ্চশিক্ষা ও বৃত্তি-২)